

জাতীয় প্রাথমিক শিক্ষা একডেমী

ময়মনসিংহ

[www.nape.gov.bd](http://www.nape.gov.bd)


স্মারক নং ৩৮.০৪.০০০০.৪০১.৪৪.১৭৪.২০১৮- ২৫০০(৩৬৯)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ  
০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ এর ইংরেজি বিষয়ের প্রশ্ন নং ২ ও প্রশ্ন নং ৬ স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০ এপ্রিল ২০১৮ তারিখে জাতীয় কর্মশালার মাধ্যমে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮-এর পরিমার্জিত প্রশ্ন কাঠামো চূড়ান্ত করা হয়েছে। ইংরেজি বিষয়ের প্রশ্নকাঠামোতে প্রশ্ন নং ২ ও প্রশ্ন নং ৬ হলো সত্য/ মিথ্যা (True/False) সম্পর্কিত। কোন বাক্য (statement) সঠিক হলে True এবং কোন বাক্য (statement) ভুল হলে False লিখতে হবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক প্রাথমিক বিদ্যালয়ের সাময়িকী ও মডেল টেস্ট পরীক্ষার ইংরেজি বিষয়ের প্রশ্নপত্রে প্রশ্ন নং ২ ও প্রশ্ন নং ৬-এ কোন বাক্য (statement) ভুল হলে False লেখার পাশাপাশি বাক্যটি সঠিক করে লিখতে বলা হয়েছে, যা প্রশ্নপত্রের কাঠামো ২০১৮-এ উল্লেখ নেই।

এমতাবস্থায়, ইংরেজি বিষয়ের প্রশ্ন নং ২ ও প্রশ্ন নং ৬-এ কোন বাক্য (statement) সঠিক হলে শুধু True এবং কোন বাক্য (statement) ভুল হলে শুধু False লিখলে হবে। বিষয়টি সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও সমাপনী পরীক্ষার্থীদের জানানোর জন্য অনুরোধ করা হলো।

  
মোঃ শাহ আলম  
মহাপরিচালক

টেলিফোন : ০৯১৬৬৩০৫

ইমেইল : [dgnape@gmail.com](mailto:dgnape@gmail.com)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

.....(সকল)

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।

৪। অফিস কপি।